অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/8/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে রবিবার ও সোমবার আরো ভারী বৃষ্টিপাত ও সম্ভাব্য বন্যার জন্য প্রস্তুত থাকার তাগিদ প্রদান করলেন

প্রতি ঘণ্টায় এক থেকে দুই ইঞ্চি বৃষ্টিপাতের হারসহ সম্ভাব্য ভারী বর্ষণ হঠাৎ বন্যার সৃষ্টি করতে পারে

ক্যাপিটাল রিজিয়ন, মিড হাডসন, নিউ ইয়র্ক সিটি, এবং নর্থ কান্ট্রি অঞ্চলের কিছু অংশে বন্যার নজরদারি বর্তমানে কার্যকর আছে

ঝড় সোমবার পর্যন্ত চার ইঞ্চি পর্যন্ত বৃষ্টি নিয়ে আসতে পারে এবং পূর্বেই ভারী বৃষ্টিপাত দ্বারা প্রভাবিত হয়েছে এমন এলাকায় আরো বন্যার সৃষ্টি করতে পারে

গভর্নর নিউ ইয়র্কবাসীকে আবহাওয়া পরিস্থিতি পর্যবেক্ষণ করতে এবং সম্ভাব্য বন্যার জন্য প্রস্তুত হতে তাগিদ প্রদান করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে অতিরিক্ত চরম আবহাওয়ার জন্য প্রস্তুত হতে নিউ ইয়র্কবাসীকে তাগিদ প্রদান করলেন যা রবিবার থেকে সোমবার পর্যন্ত স্টেটের অধিকাংশকে প্রভাবিত করবে বলে আশঙ্কা করা হচ্ছে যেহেতু ক্যাপিটাল, মিড হাডসন, মোহক ভ্যালি, নর্থ কান্ট্রি, এবং সাউদার্ন টিয়ার অঞ্চল ও সেই সাথে নিউ ইয়র্ক সিটির জন্য বৃষ্টিপাত ও বজ্রপাতসহ ঝড়ের পূর্বাভাস রয়েছে। শহুরে এলাকা, রাস্তা, এবং ছোট ঝর্ণার স্থানে স্থানীয় বন্যার আশঙ্কা করা হচ্ছে। ইতিমধ্যে সুসিক্ত ভূমিতে বৃষ্টিপাত হলে তার ফলে রবিবার থেকে সোমবার হঠাৎ বন্যা হওয়া সম্ভব। গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে তাদের স্থানীয় পূর্বাভাসে নজর রাখতে এবং জরুরি সতর্কতার জন্য সাইন আপ করার ব্যাপারে তাগিদ প্রদান করলেন।

"পুরো সপ্তাহান্তেজুড়ে স্টেটের কিছু অংশে ভারী বৃষ্টিপাতসহ ঝড়ের কারণে বন্যার ঝুঁকি থেকেই যাবে, বিশেষ করে সেইসব এলাকায় যেখানে ইতিমধ্যে গত কয়েকদিনে ভারী বৃষ্টিপাত ও বন্যা হয়েছে," **গভর্নর হোকল বলেন।** স্টেট এজেন্সিগুলি সহায়তার জন্য স্থানীয় অনুরোধে সাড়াদান করতে পুরো সপ্তাহান্তজুড়ে প্রস্তুত থাকবে।" আবহাওয়ায় করা নজর রাখতে এবং সেই অনুযায়ী কর্মকাণ্ডের পরিকল্পনা করা নিশ্চিত করার জন্য আমি সকলকে তাগিদ প্রদান করছি।"

নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (New York State Division of Homeland Security and Emergency Services) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "পুরো স্টেটজুড়ে হওয়া ঝড় এবং ভারী বৃষ্টিপাত সেইসব এলাকায় বন্যার সৃষ্টি কোনও পারে যেখানে এই সপ্তাহে ইতিমধ্যেই বৃষ্টি হয়েছে। স্থানীয় পর্যায়ে আমাদের অংশীদারদেরকে প্রয়োজনমতো সহায়তা প্রদান করতে আমার দল তৈরি আছে। এই সপ্তাহান্তে পূর্বাভাসের দিকে ভালোমতো নজর রাখুন এবং সতর্ক থাকুন।"

আবহাওয়া সতর্কতা ও পূর্বাভাসের সম্পূর্ণ তালিকা দেখার জন্য ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) ওয়েবসাইট https://alerts.weather.gov পরিদর্শন করুন।

নিউ ইয়র্কবাসীদের alert.ny.gov থেকে NY অ্যালার্টে (NY Alert) সাবস্ক্রাইব করে জরুরি সতর্কতার জন্য সাইন আপ করতে উৎসাহিত করা যাচ্ছে, এটি একটি বিনামূল্যে প্রদত্ত সেবা যা আপনার সেল ফোন বা কম্পিউটারে অতি গুরুত্বপূর্ণ জরুরি তথ্য প্রদান করে।

স্টেট এজেন্সির প্রস্তুতি

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)

নিউ ইয়র্ক স্টেট হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র (Emergency Operations Center) সক্রিয় করা হয়েছে এবং এটি নিবিড়ভাবে অবস্থা পর্যবেক্ষণ করবে, সাড়াদান কার্যক্রম সমন্বয় করবে, এবং দুর্যোগের সময়জুড়ে স্থানীয়দের সাথে যোগাযোগ রক্ষা করবে। স্টেটের অগ্নি এবং স্টেট জরুরি ব্যবস্থাপনা কর্মীরা তাদের কর্মী ও সরঞ্জাম নিয়ে হঠাৎ বন্যার ঘটনার সাড়াদান করার জন্য প্রস্তুত আছে।

পরিবহন বিভাগ

পরিবহন বিভাগ আবহাওয়ার পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং 3,470 জনের বেশি সুপারভাইজার এবং অপারেটরদের সাথে প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত। সকল মাঠ পর্যায়ের কর্মীরা সম্পূর্ণভাবে নিযুক্ত হতে ও সাড়া দিতে তৈরি আছে। কর্মীদের যেকোন ধরনের প্রয়োজনীয় প্রতিক্রিয়ার ক্রুতে কনফিগার করা যেতে পারে (বন্যার প্রতিক্রিয়া, চিপার, লোড অ্যান্ড হউল, সিভার জেট, কাট অ্যান্ড টস, ট্রাফিক সিগন্যাল ইত্যাদি)। ক্রুরা পানি নিষ্কাশন অবকাঠামোগুলো চেক করছে ও পরিষ্কার করছে যাতে এগুলো অবর্জনা ও আটকে যাওয়া থেকে মুক্ত থাকার বিষয়টি নিশ্চিত করা যায়।

স্টেট জুড়ে থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নরূপ:

- 1,427টি বৃহৎ ডাম্প ট্রাক
- 323টি বিশাল লোডার
- ট্র্যাকযুক্ত ও চাকাযুক্ত 84টি এক্সক্যাভেটর
- 87টি চিপার
- 19টি গ্রেডার
- 18টি সিউয়ার জেট সহ ভ্যাকুম ট্রাক

- 15টি ট্রি ক্রু বাকেট ট্রাক

থ্রুওয়ে কর্তৃপক্ষ
থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) ঝড়ো বাতাস বা বন্যা সংক্রান্ত যেকোনো পরিস্থিতি মোকাবেলায় স্টেটজুড়ে 654 জন অপারেটর ও সুপারভাইজারকে, ছোট থেকে মাঝারি আকারের এক্সক্যাভেটর, প্লাও/ডাম্প ট্রাক, বড় লোডার এবং বেশ কিছু বহনযোগ্য ভ্যারিয়েবল মেসেজ সাইন (Variable Message Signs, VMS) বোর্ড, বহনযোগ্য লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প ও সরঞ্জাম টানার ট্রেলার এবং সেই সাথে যেকোনও ধরনের পথ ঘোরানো বা বন্ধের জন্য ট্রাফিক সাইন ও অন্যান্য ট্রাফিক নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে প্রস্তুত আছে। থ্রুওয়েতে মোটরচালকদের সতর্ক করতে বিভিন্ন রকমের বার্তার চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

স্টেট জুড়ে থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নরূপ:

- 362টি বড় ও ছোট ডাম্প ট্রাক
- 59টি লোডার
- 33টি ট্রেইলার
- 6টি ভ্যাক ট্রাক
- 12টি এক্সক্যাভেটর
- 8টি ব্রাশ চিপার
- 100টি চেইন স
- 23টি এরিয়াল ট্রাক
- 22টি স্কিড স্টিয়ার
- 83টি বহনযোগ্য জেনারেটর
- 67টি বহনযোগ্য লাইট ইউনিট

থ্রুওয়ে কর্তৃপক্ষ মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে, যা আইফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোডের জন্য বিনামূল্যে উপলভ্য। অ্যাপের মাধ্যমে মোটরিস্টরা রাস্তায় থাকার সময় লাইভ ট্রাফিক ক্যামেরা, রিয়েল-টাইম ট্রাফিক তথ্য ও নেভিগেশন সংক্রান্ত সহায়তায় সরাসরি অ্যাক্সেস পাবেন। এছাড়াও মোটরচালকরাট্রান্সঅ্যালার্ট ইমেলের জন্য সাইন আপ করতে পারেন যা থ্রুওয়ের সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে, টুইটারে @ThruwayTraffic ফলো করুন এবং থ্রুওয়ের ও নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য সড়কগুলিতে ট্রাফিকের অবস্থা দেখানো একটি ইন্টার্যাক্টিভ ম্যাপ দেখতে thruway.ny.gov দেখুন।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)
পরিবেশ সংরক্ষণ বিভাগ পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, জরুরি অবস্থার ব্যবস্থাপনা কর্মী এবং আঞ্চলিক কর্মীরা সতর্ক আছে এবং আবহাওয়ায় পরিস্থিতির পর্যবেক্ষণ করছে। চরম আবহাওয়া, যেমন ভারী বৃষ্টিপাত ও স্থানীয় বন্যা দ্বারা ক্ষতিগ্রস্ত হতে অপরে এমন এলাকা ও অবকাঠামোতে DEC কর্মীরা সক্রিয়ভাবে টহল দিবে এবং বাসা, ব্যবসা, বা অবকাঠামো সুরক্ষায় প্রশমন প্রয়োজন হলে বন্যা প্রশমন সরঞ্জাম, যেমন পাম্প ও স্যান্ডব্যাগের সমন্বয়

করতে তারা স্থানীয় এজেন্সির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবে। সকল উপলভ্য সম্পদ যেকোনও জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। পার্কে বেড়াতে আসা মানুষের উচিত https://parks.ny.gov ভিজিট করা, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার মোবাইল অ্যাপটি দেখা বা পার্কের সময়, খোলা এবং বন্ধের সময় সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে যোগাযোগ করা।

জনসেবা বিভাগ (Department of Public Service)

এই ঘটনার জন্য নিউ ইয়র্ক স্টেটজুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, সাড়া প্রদান, মেরামত ও পুনর্বহাল কার্যক্রম পরিচালনার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটি এজেন্সিগুলোতে প্রায় 5,500 জন কর্মী রয়েছে। এজেন্সির কর্মীরা পুরো সময় ইউটিলিটিগুলির কার্যক্রমের উপর নজর রাখবে এবং সবথেকে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর পর্যাপ্ত কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ

স্টেট পুলিশ ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত ট্রুপার মোতায়েন করতে প্রস্তুত। চার চাকার যানবাহন, এবং ইউটিলিটি টাস্ক যানবাহন সহ বিশেষভাবে তৈরি স্টেট পুলিশের সমস্ত গাড়ী অবিলম্বে সহায়তার জন্য তৈরি এবং প্রস্তুত রয়েছে। সকল ট্রুপ, জরুরি শক্তি এবং যোগাযোগ সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি

মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি নিরাপদ, নির্ভরযোগ্য সেবা নিশ্চিত করতে নিবিড়ভাবে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে। MTA কর্মীদের যেকোনও আবহাওয়া সম্পর্কিত সমস্যায় সাড়াদান বা ট্র্যাকের উপর ভেঙ্গে পড়া যেকোনও গাছ সরাতে প্রস্তুত থাকবে। গ্রাহকদের পরিষেবার সর্বশেষ আপডেট জানতে new.mta.info ওয়েবসাইট দেখার জন্য উৎসাহিত করা হচ্ছে। গ্রাহকদের টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করা উচিৎ। MTA-এর অ্যাপগুলির মাধ্যমেও এই সতর্কতা পাওয়া যায়: MYmta এবং TrainTime।

বন্দর কর্তৃপক্ষ (Port Authority)

পোর্ট অথরিটিও আবহাওয়া পরিস্থিতির উপর নজর রাখছে। ব্রিজ, সর্বোপরি রোডওয়ে বরাবর এবং ক্রসিংগুলিতে গতির উর্ধ্বসীমা বেঁধে দেওয়া হতে পারে। বিলম্ব এবং বাতিলকরণের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য ক্যারিয়ার এবং এয়ারলাইনের সাথে সরাসরি যোগাযোগ করতে পোর্ট অথরিটির ফেসিলিটি থেকে যাত্রীদের উৎসাহ দেওয়া হচ্ছে।

পোর্ট অথরিটির ফ্যাসিলিটিগুলো সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA অ্যালার্ট এর জন্য সাইন-আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে

একটি ডাউনলোড করুন, যেমন RidePATH যেটি পাথ (PATH) সার্ভিসের জন্য রিয়েল-টাইম আপডেট ও অ্যালার্ট প্রদান করে।

তীব্র আবহাওয়ার নিরাপত্তা পরামর্শ

দুর্যোগের সরবরাহ

দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলি নাগালের মধ্যে রাখুন, যার মধ্যে রয়েছে:

- ফ্ল্যাশলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
- ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
- ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল
- জরুরি খাদ্য এবং পানি
- অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার
- অপরিহার্য ওষুধ
- চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, ATM কার্ড

হঠাৎ বন্যা

- বন্যায় ডুবে যাওয়া রাস্তা দিয়ে গাড়ি চালিয়ে যাওয়ার চেষ্টা করবেন না। গাড়ি ঘোরান এবং অন্য রাস্তা দিয়ে যান।
- যদি আপনার গাড়ির চারপাশে দ্রুত পানির উচ্চতা বৃদ্ধি পেতে থাকে, তাহলে অবিলম্বে গাড়ি ছেড়ে বেরিয়ে পড়ুন।
- দ্রুত গতিতে বয়ে চলা পানির ক্ষমতাকে অগ্রাহ্য করবেন না। দ্রুত গতিতে বয়ে চলা দুই ফুট উচ্চতার পানিতে আপনার গাড়ি ভাসিয়ে নিবে এবং দুই মাইল বেগে বয়ে চলা পানি আপনার গাড়িকে রাস্তা বা ব্রিজ থেকে টেনে নিয়ে যাবে।

বজ্রপাত

- 30-30 নিয়ম অনুসরণ করুন: যদি আপনার বিদ্যুৎ চমকাতে দেখার এবং বজ্রপাতের শব্দ শোনার মধ্যকার সময়ের ব্যবধান 30 সেকেন্ড বা তার কম হয় তাহলে সেই বজ্রপাত আপনাকে আঘাত করার মতো কাছাকাছি দূরত্বে রয়েছে। অবিলম্বে আশ্রয় গ্রহণ করুন। শেষ বিদ্যুৎ চমকানোর পর, আপনার আশ্রয় ত্যাগ করার পূর্বে 30 মিনিট অপেক্ষা করুন।
- বজ্রপাত সবথেকে লম্বা বস্তুকে আঘাত করে। আপনি যদি একটি গাছের লাইনের উপরে থাকেন, দ্রুত তার নিচে যান এবং আপনি একটি খোলা স্থানে থাকলে নিচু হয়ে বসুন।
- আপনি যদি একটি আশ্রয়কেন্দ্রে না যেতে পারেন, গাছ থেকে দূরে থাকুন। কোনও আশ্রয় না থাকলে, খোলা স্থানে নিচু হয়ে বসুন, কোনও গাছ যত লম্বা তার দ্বিগুণ দূরে থাকুন।

ঘূর্ণিঝড়

- ঘরের বাইরে থাকা অবস্থায় ঘূর্ণিঝড় সতর্কতা জারি হলে, অবিলম্বে আশ্রয় খুঁজুন। যদি কাছাকাছি কোনও আশ্রয় না থাকে তবে আপনার হাত দিয়ে আপনার মাথা ঢেকে একটি খাদ বা নিচু স্থানে লম্বা হয়ে শুয়ে পড়ুন।

- বাড়িতে বা ছোট কোনও ভবনে থাকলে, বেজমেন্ট বা ভবনের নিচ তলার ভেতরের একটি কক্ষে যান। জানালা থেকে দূরে থাকুন। আলমারি, বাথরুম, এবং অন্যান্য অভ্যন্তরীণ কক্ষগুলি সর্বোত্তম সুরক্ষা সরবরাহ করে। মজবুত কিছুর নিচে যান বা নিজেকে একটি গদি দিয়ে ঢেকে রাখুন।
- স্কুল, হাসপাতাল, বা শপিং সেন্টারে থাকলে, পূর্বে নির্ধারিত আশ্রয় এলাকায় যান। বড় খোলা এলাকা এবং জানালা থেকে দূরে থাকুন। বাইরে আপনার গাড়ির কাছে যাবেন না।
- একটি উঁচু ভবনে, সম্ভাব্য সর্বনিম্ন তলার একটি অভ্যন্তরীণ ছোট কক্ষ বা হলওয়েতে যান। এলিভেটর ব্যবহার করবেন না - সিঁড়ি ব্যবহার করুন।

ব্যক্তিগত প্রস্তুতি জন্য এবং তীব্র আবহাওয়ায় কীভাবে নিরাপদ থাকতে হয় সেই সম্পর্কে আরও তথ্যের জন্য, এখানে যান: dhses.ny.gov/safety-and-prevention।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন